গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০১৫.১৬.০২০.১৮. ৪৭১

তারিখঃ ২০ শ্রাবণ ১৪২৬ / ০৪ আগস্ট ২০১৯

**বিষয়ঃ তথ্য মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থ-বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড (Upload) সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থ বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড (Upload) করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১ (এক) সেট বার্ষিক প্রতিবেদন।


৪/৮/১৯
শাহনারা বেগম
উপসচিব
ফোনঃ ৯৫৫০৭৮৭
E-mail-sas.admin2@moi.gov.bd


সিস্টেম এনালিস্ট
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নামঃ তথ্য মন্ত্রণালয়
আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা: ১৫ (পনেরো)টি
প্রতিবেদনাধীন বছর: ২০১৮-১৯
প্রতিবেদন প্রস্তুতির তারিখ: ১৪ জুলাই ২০১৯

(১) প্রশাসনিক

১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয় | ১৯১ | ১৫৯ | ৩২ | ১২ | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭৪৫৬ | ৪৭৬৮ | ২৬৮৮ | ৩৫৮ | |
| মোট = | ৭৬৪৭ | ৪৯২৭ | ২৭২০ | ৩৭০ | |

১. ২ শূন্য পদের বিন্যাস:

| যুগ্মসচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | ৫১৬ | ২২০ | ১১৩৬ | ৮৪৮ | ২৭২০ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: নেই।

১.৪ শূন্য পদ পূরণে বড় রকমের কোনো সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

১.৫ অন্যান্য পদের তথ্য:

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| শূন্য | শূন্য |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নেই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান:

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৫৭ | ১৯৬ | ২৫৩ | ৬৩ | ২৮৬ | ৩৪৯ | |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে):

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল অ্যাসিসট্যান্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | ৬০ দিন | ০৪ দিন | ১৬ দিন | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - |
| | | | | |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে):

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিসট্যান্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪৪ দিন | ১৯ দিন | ৭ দিন | ১৮ দিন | |

১.৯ উপর্যুক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: ০২টি।

(২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

(টাকার অংক কোটি টাকায়)

| ক্রঃ | মন্ত্রণালয়/বিভাগ সমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশীট জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | তথ্য মন্ত্রণালয় | ৭ | ০.২৫,৫৩ | - | ১ | .০৪,৬১ | ৬ | ০.২০,৯২ |
| | পরিকল্পনা অধিশাখা | ১ | ০.২১,৮০ | - | ১ | ০.২১,৮০ | - | - |
| ২ | তথ্য কমিশন | ১১ | ১.৮৩,৫৬ | - | ৭ | ১.৭৯,৩৮ | ৪ | ০.০৪,১৮ |
| ৩. | তথ্য অধিদপ্তর | ৮ | ০.১২,৮১ | ৫ | ২ | ০.০০,২৫ | ৬ | ০.১২,৫৬ |
| ৪. | বাংলাদেশ টেলিভিশন | ১৫ | ২৮.৮১,৬৮ | ১৬ | ৮ | ০.৯৯,৩৪ | ২৩ | ১২২.৭৩,৫১ |
| ৫. | বাংলাদেশ বেতার | ৩৭ | ৮.৯৫,৯০ | ৯ | ১৭ | ১.৭৫,৭৪ | ২০ | ৭.২০,১৬ |
| ৬. | প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ | ৬ | ০.২১,৫৪ | - | - | - | ৬ | ০.২১,৫৪ |
| ৭. | গণযোগাযোগ অধিদপ্তর | ১৯ | ০.৬২,৩১ | ৪ | ১০ | ০.০৮,৭৩ | ১২ | ০.৫২,৯৪ |
| ৮. | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | ৫১ | ৮.২৭,৫১ | - | ৩ | ০.০৪,৮৫ | ৪৮ | ৮.২২,৬৬ |
| ৯. | বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন | ৮৬ | ১১৩.৪৭,২৪ | - | ১১ | ১.১০,৩৯ | ৭৫ | ১১২.৩৬,৮৫ |
| ১০. | বাংলাদেশ সংবাদ সংস্থা | ৬৬ | ১২.৫৯,০৪ | - | ১৫ | ১.৮৬,১৬ | ৫১ | ১০.৭২,৮৮ |
| ১১. | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড | ৩ | ০.০৮,৩৯ | ১ | ২ | ০.০৬.৮৫ | ১ | ০.০১,৫৪ |
| ১২. | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট | ৩ | ০.০৪,১৭ | - | ১ | ০.০১,৫৮ | ২ | ০.০২,৫৯ |
| | সর্বমোট = | ৩১৩ | ১৭৫.৫১,৪৮ | ৩৫ | ৭৮ | ৮.৩২,০০ | ২৩৫ | ১৬৭.১৯,৪৮ |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোনো জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেসসমূহের তালিকা: প্রযোজ্য নয়

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| প্রতিবেদনাধীন অর্থ বছরে (২০১৭-১৮) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৩৬ | ৬ | ৫ | ৯ | ১৯ | ১৭ |

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত) :

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১০ | ২২ | -- | ৫৭ | ১১ |

(৫) মানবসম্পদ উন্নয়ন

দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত):

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ২৬৮ | ১৯২০ |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক পূর্ববর্তী বছরে কোনো ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: তথ্য মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থায় সর্বমোট ৩৫২৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোনো সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

৫.৪ মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোনো অসুবিধা আছে কি না: ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোনো অসুবিধা নেই।

৫.৫ প্রতিবেদনাধীন বছরে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ১৫৪ জন।

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত):

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ১৬৩ | ৩৯৩৭ |

(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত) :

| মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারী |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১২১১টি | তথ্য মন্ত্রণালয় এবং ১৫টি দপ্তর/অধিদপ্তর/সংস্থার মধ্যে ১টি দপ্তর ব্যতীত অবশিষ্ট দপ্তর/অধিদপ্তর/সংস্থায় কম্পিউটারে ইন্টারনেট সুবিধা আছে | তথ্য মন্ত্রণালয় এবং ১৪টি দপ্তর/অধিদপ্তর/সংস্থার মধ্যে ১২টি দপ্তর/অধিদপ্তর/সংস্থায় কম্পিউটারে LAN সুবিধা আছে | তথ্য মন্ত্রণালয় এবং ৩টি দপ্তর/অধিদপ্তর/সংস্থায় কম্পিউটারে WAN সুবিধা আছে | ৬৪২ জন | ৬৮৬ জন |

(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমান (অর্থ বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।

(৯) প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট :

৯.১ প্রতিবেদনাধীন অর্থ বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা:
প্রণীত আইন ও বিধি:

(ক) গত ২৯ জুলাই ২০১৮ তারিখে "বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট আইন, ২০১৮" বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(খ) গত ১৪ নভেম্বর ২০১৮ তারিখে "বাংলাদেশ সংবাদ সংস্থা আইন, ২০১৮" বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(গ) গত ১৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখে তথ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী (ক্যাডার বহির্ভূত) নিয়োগ বিধিমালা-২০১৮ গেজেটে প্রকাশিত হয়েছে।

(ঘ) গত ১৩ জানুয়ারি ২০১৯ তারিখে ২০১৮-২০১৯ অর্থ বছরে "বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" গেজেটে প্রকাশিত হয়েছে।

৯.২ প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকাণ্ড:

৯.২.১। তথ্য মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য কার্যাবলি:

(ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত তথ্য:

০১। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে মাননীয় তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদকে আহবায়ক করে "মিডিয়া, প্রচার ও ডকুমেন্টেশন উপকমিটি" এবং সৈয়দ হাসান ইমাম মহোদয়কে আহবায়ক করে "চলচ্চিত্র ও তথ্য চিত্র উপকমিটি" নামে ২টি কমিটি গঠন করা হয়েছে। উভয় কমিটিতে তথ্য সচিব মহোদয় সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন। তথ্য মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। সে মোতাবেক কার্যক্রম চলমান আছে।

(খ) চলচ্চিত্র সংক্রান্ত তথ্য:

০২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে বাংলাদেশ-ভারত যৌথ প্রযোজনায় একটি চলচ্চিত্র নির্মাণের বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নির্মিতব্য চলচ্চিত্রের জন্য পরিচালক হিসেবে গত ২৭ আগস্ট ২০১৮ খ্রি. তারিখে বিখ্যাত ভারতীয় পরিচালক জনাব শ্যাম বেনেগালকে মনোনয়ন দেয়া হয় এবং বর্তমানে স্ক্রিপ্ট লেখার কাজ চলমান আছে।

০৩। মাননীয় প্রধানমন্ত্রী ১৮ জুলাই ২০১৮ তারিখে বিআইসিসিতে আয়োজিত জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০১৬ প্রদান করেন। ২৫ ক্যাটাগরিতে মোট ৩১ জন শিল্পী ও কলাকুশলীর মাঝে পুরস্কার প্রদান করা হয়েছে। জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৭ ও ২০১৮ একসাথে প্রদানের লক্ষ্যে দু'টি জুরি বোর্ড গঠন করা হয়েছে। জুরি বোর্ডের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

০৪। চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধসম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে ২০১৮-১৯ অর্থবছরে ৯টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রকে সর্বমোট ৪ কোটি ৫০ লক্ষ টাকা এবং ৫টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রকে সর্বমোট ৫০ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়।

০৫। ২০১৮-২০১৯ অর্থ বছরে যৌথ প্রযোজনায় ৬টি চলচ্চিত্র নির্মাণের অনুমতি প্রদান করা হয়।

০৬। ২০১৮-২০১৯ অর্থ বছরে ১৩টি চলচ্চিত্র নির্মাণের লক্ষ্যে বিদেশে শুটিংয়ের নিমিত্ত ১৪৮ জন শিল্পী ও কলা-কুশলীকে উক্ত চলচ্চিত্রগুলোতে শুটিং-এ অংশগ্রহণের জন্য বিদেশ গমনের অনুমতি প্রদান করা হয়।

০৭। ২০১৮-২০১৯ অর্থ বছরে ১৯টি চলচ্চিত্রের শুটিং-এ অংশগ্রহণের জন্য বিদেশ থেকে ১১২ জন শিল্পী ও কলা-কুশলীকে বাংলাদেশে আগমনের অনুমতি প্রদান করা হয়।

০৮। গত ১০-১৮ জানুয়ারি ২০১৯ তারিখ সরকারি অর্থায়নে ঢাকায় "রেইনবো চলচ্চিত্র সংসদ" এর উদ্যোগে "১৭তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব" অনুষ্ঠিত হয়। তাছাড়া, গত ২-৮ মার্চ ২০১৯ তারিখে সরকারি অর্থায়নে চিলড্রেনস ফিল্ম সোসাইটি বাংলাদেশ এর উদ্যোগ ১২তম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব অনুষ্ঠিত হয়।

(গ) <u>প্রেস সংক্রান্ত তথ্য:</u>

০৯। "বাংলাদেশ প্রেস কাউন্সিল পদক-২০১৯" মোট ০৪ জন ব্যক্তি, ০১ জন ব্যক্তিত্ব ও ০২টি পত্রিকা [দৈনিক ইত্তেফাক (জাতীয় পত্রিকা) ও দৈনিক আজাদী (আঞ্চলিক পত্রিকা) কে প্রদান করা হয়। প্রতিজন ব্যক্তি, ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠানকে ৫০,০০০ টাকার চেক, একটি ক্রেস্ট ও সদনপত্র প্রদান করা হয়।

১০। বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট হতে অসুস্থ, অস্বচ্ছল ও দুর্ঘটনাজনিত আহত সাংবাদিক এবং নিহত সাংবাদিক/সাংবাদিক পরিবারের অনুকূলে আর্থিক সহায়তা ভাতা/অনুদান হিসেবে ২০১৮-১৯ অর্থ বছরে ২ কোটি ৯০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। গত অর্থ বছরেও মাননীয় প্রধানমন্ত্রী কল্যাণ তহবিল হতে সাংবাদিক কল্যাণ ট্রাস্টে ২০ কোটি টাকা সিডমানি প্রদান করেছেন। ফলে ট্রাস্টে বর্তমানে ৩৫.৪০ কোটি টাকা সিডমানি হিসেবে জমা আছে।

১১। সাংবাদিক ও সংবাদকর্মীদের বেতন ও অন্যান্য সুযোগ সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে গত ২৯ জানুয়ারি ২০১৮ তারিখে ৯ম সংবাদপত্র মজুরি বোর্ড গঠন করা হয়। ২৮ অক্টোবর ২০১৮ তারিখে বোর্ডের সুপারিশ তথ্য মন্ত্রণালয়ে দাখিল করা হয়। উক্ত সুপারিশ পরীক্ষা করার জন্য গত ২১ জানুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত বর্তমান সরকারের ১ম মন্ত্রিসভা বৈঠকে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীকে আহবায়ক করে ৭ সদস্যের মন্ত্রিসভা-কমিটি গঠন করা হয়। খুব শীঘ্রই ৯ম সংবাদপত্র মজুরি বোর্ডের রোয়েদাদ পরীক্ষা করে সুপারিশ প্রণয়ন করা হবে।

১২। ১১ সেপ্টেম্বর ২০১৮ তারিখে ৯ম সংবাদপত্র মজুরি বোর্ডের সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক ৪৫% মহার্ঘ ভাতা সুবিধা প্রদান করা হয়েছে।

১৩। ২২ নভেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি বোর্ড পুনর্গঠন করা হয়।

১৪। প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ আইন, ২০১৮ প্রণয়নের পর গত ১১ মার্চ ২০১৯ খ্রি. তারিখে পরিচালনা বোর্ড গঠন করা হয়।

১৫। ১৯ জুন ২০১৯. তারিখে প্রেস অ্যাপিলেট বোর্ড পুনর্গঠন করা হয়েছে।

১৬। দুবাই ও কুয়ালালামপুরে আরো ২টি নতুন প্রেস উইং চালুর প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এছাড়াও, কাতার, প্যারিস, ইটালি ও ব্রাসেলসে নতুন প্রেস উইং খোলার কার্যক্রম এগিয়ে নেয়া হচ্ছে।

(ঘ) <u>সম্প্রচার সংক্রান্ত তথ্য:</u>

<u>টেলিভিশন:</u>

১৭। ১৩ এপ্রিল ২০১৯ তারিখ থেকে বাংলাদেশ টেলিভিশনের চট্টগ্রাম কেন্দ্র হতে ৯ ঘন্টাব্যাপী অনুষ্ঠান সম্প্রচার কার্যক্রম শুরু হয়েছে।

১৮। বাংলাদেশ টেলিভিশনের পাশাপাশি সংসদ বাংলাদেশ টেলিভিশন, বিটিভি ওয়ার্ল্ড চ্যানেলে সম্প্রচার চলমান রয়েছে এবং বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে সম্প্রচার কার্যক্রম চলছে।

১৯। গত ১৪ মে ২০১৯ তারিখে বাংলাদেশ ব্রডকাস্টিং বিজনেস নেটওয়ার্ক (টিভি টুডে) নামে একটি বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলের অনাপত্তি প্রদান করা হয়েছে।

২০। বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান ভারতীয় সরকারি টিভি চ্যানেল দূরদর্শনে প্রচারের নিমিত্ত বাংলাদেশ টেলিভিশন ও প্রসার ভারতীর মধ্যে গত ০৭ মে ২০১৯ তারিখে Working Arrangement স্বাক্ষরিত হয়েছে।

২১। বেসরকারি টিভি চ্যানেলসমূহের সম্প্রচারের তারিখের (Date of On Air) ক্রমানুসারে সম্প্রচার এবং বাংলাদেশী দর্শকদের জন্য বিদেশী কোনো চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে।

২২। মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বিভিন্ন অনুষ্ঠান বিটিভি ও সকল বেসরকারি টিভি চ্যানেলে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করা হয়েছে;

২৩। মাননীয় প্রধানমন্ত্রীর "১০টি বিশেষ উদ্যোগ" ব্র্যান্ডিং করার উদ্দেশ্যে বিটিভিতে ব্যাপক প্রচারণা চালানো হয়েছে। বেসরকারি টিভি চ্যানেলগুলিতেও প্রচারণা চালানো হয়েছে;

২৪। বাংলাদেশ টেলিভিশনের জন্য "Supply, Installation, Testing and Commissioning of Studio Equipment for Prime Minister's Office on Turn-key basis "শিরোনামে যন্ত্রপাতি সংগ্রহের জন্য দরপত্র আহবানের প্রেক্ষিতে ৪.৩৯ কোটি টাকার ক্রয় প্রস্তাব অনুমোদন করা হয়েছে।

২৫। বেসরকারি টিভি চ্যানেলে ও বিটিভিতে জঙ্গিবাদ, মানব পাচার, ভেজাল বিরোধী, মাদক পাচার, ধূমপান নিরোধ/সতর্কীকরণ দিক সংক্রান্ত ব্যাপক প্রচারণা চালানো হয়েছে।

২৬। বাংলাদেশ টেলিভিশনের ১ম শ্রেণির বিভিন্ন পদে ১৩ (তেরো) জন কর্মকর্তাকে এবং ২য় শ্রেণির ১১ (এগারো) জন কর্মকর্তাকে বিভিন্ন পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

বেতার:

২৭। বাংলাদেশ বেতারের ১৪টি কেন্দ্র রয়েছে। বাংলাদেশ বেতারে অনুষ্ঠান প্রচার দৈনিক ৩০০ ঘন্টা হতে ৪৭৩ ঘন্টা ৩০ মিনিটে উন্নীত করা হয়েছে।

২৮। বাংলাদেশ বেতারে ১৪ জনকে সরাসরি নিয়োগ এবং ২য় শ্রেণির পদ হতে ১ম শ্রেণি পদে ৩৫ জনকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ প্রদান করা হয়েছে।

২৯। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী বাংলাদেশ বেতারের নিজস্ব শিল্পীদের চাকুরি পেনশনের আওতাভুক্তকরণের লক্ষ্যে ২৯৫টি পদে কর্মরত নিজস্ব শিল্পীদের আত্তীকরণের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে আছে।

৩০। বাংলাদেশ বেতার ও প্রসার ভারতীর মধ্যে গত ০৯/০৪/২০১৮ তারিখ এর MOU (সমঝোতা স্মারক) স্বাক্ষরিত হয়েছে।

৩১। ২০১৮-২০১৯ অর্থ-বছরে ২৭টি এফ.এম রেডিও এর লাইসেন্স নবায়ন করা হয়েছে।

৩২। ২০১৮-২০১৯ অর্থ-বছরে ২০টি কমিউনিটি রেডিও এর লাইসেন্স নবায়ন করা হয়েছে।

৩৩। ৯ম গ্রেডে ০৫ (পাঁচ) জনকে সরাসরি নিয়োগ প্রদান করা হয়েছে এবং ১০ম গ্রেড ০১ (এক) জনকে সরাসরি নিয়োগ করা হয়েছে।

৩৪। বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের প্রবেশ পদে ১০ম গ্রেড থেকে ৯ম গ্রেডে (সহকারী তথ্য অফিসার থেকে তথ্য অফিসার পদে) ০১ (এক) জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে।

(ঙ) প্রকল্প সংক্রান্ত তথ্য:

গত ২০১৮-১৯ অর্থবছরে নিম্নলিখিত প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।

৩৫। "তথ্য ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় ১০৪.৯৩ কোটি টাকা ব্যয়ে "তথ্য ভবন" নির্মাণ করা হয়েছে। গত ০১ নভেম্বর ২০১৮ মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করেছেন। ইতোমধ্যে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড এবং গণযোগাযোগ অধিদপ্তরের কার্যালয় তথ্য ভবনে স্থানান্তর করা হয়েছে। চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি) স্থানান্তর করছে।

৩৬। "ময়মনসিংহ ও গোপালগঞ্জে দু'টি স্বয়ংসম্পূর্ণ ১০ কিলোয়াট এফ.এম. বেতার কেন্দ্র স্থাপন (সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় স্থাপিত দু'টি বেতার কেন্দ্র স্থাপন করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ০১ নভেম্বর ২০১৮ তারিখে গোপালগঞ্জ এফ.এম.বেতার কেন্দ্র এবং গত ০২ নভেম্বর ২০১৮ তারিখে ময়মনসিংহ এফ.এম.বেতার কেন্দ্র উদ্বোধন করেন।

৩৭। ৪৪.০২ কোটি টাকা ব্যয়ে "বাংলাদেশের মানব সম্পদ উন্নয়নে টেলিভিশন অনুষ্ঠান নির্মাণে মিডিয়ার সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্প বাস্তবায়িত হয়েছে।

৩৮। ১৩.৭৬ কোটি টাকা ব্যয়ে "চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরে ডিজিটাল চলচ্চিত্র নির্মাণের যন্ত্রপাতি স্থাপন" প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।

৩৯। ২০১৭-১৮ অর্থবছরে "বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় ৮৭ কোটি টাকা ব্যয়ে নির্মিত বিশ্বমানের "ফিল্ম আর্কাইভ ভবন" গত ০১ নভেম্বর ২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করেছেন।

এছাড়া, আরও ১৪টি প্রকল্প চলমান রয়েছে কিংবা প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। তন্মধ্যে উল্লেখযোগ্য প্রকল্পসমূহ নিম্নরূপ:

৪০। "গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পটি ৫৯.৬৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে।

৪১। "বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থাপনা আধুনিকায়ন, ডিজিটালাইজেশন ও অটোমেশন (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পটি ৮২.৮২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়ন করা হচ্ছে।

৪২। ২৫০.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে বাংলাদেশ টেলিভিশনের "দেশব্যাপী ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার প্রবর্তন" এর ১ম পর্যায়ের প্রকল্পের কাজ চলমান রয়েছে।

৪৩। চলচ্চিত্র শিল্প বিকাশের জন্য একটি আধুনিক ফিল্ম সিটি (বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি) কবিরপুর, কালিয়াকৈর, গাজীপুরে স্থাপন করার প্রকল্পের প্রথম পর্যায়ের কাজ ১৯.৮০ কোটি টাকা ব্যয়ে জুন/২০১৮ সালে শেষ হয়েছে। ২য় পর্যায়ের ডিপিপি প্রণয়নের কাজ চলছে।

৪৪। এফডিসি'র আধুনিকায়নের জন্য ৩২২.৭৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে "বিএফডিসি কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন পর্যায়ে রয়েছে।

৪৫। বাংলাদেশ সংবাদ সংস্থার সাংবাদিকদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৩৬.৫০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে "অডিও ভিজ্যুয়াল সংবাদ প্রবর্তন এবং অডিও ভিজ্যুয়াল সংবাদ তৈরীতে বাসস'র সাংবাদিকদের সক্ষমতা বৃদ্ধি" প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

৪৬। ৭৫.০৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে "তথ্য কমিশন ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে।

৪৭। চীনের আর্থিক সহায়তায় খুলনা, রাজশাহী, রংপুর, সিলেট, বরিশাল ও ময়মনসিংহ মোট ০৬টি বিভাগীয় শহরে বিটিভি'র পূর্ণাঙ্গ স্টেশন নির্মাণের জন্য ১,৩৯১ কোটি টাকার একটি প্রকল্প একনেক সভায় অনুমোদিত হয়েছে। প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম শীঘ্রই শুরু হবে।

৯.২.২। <u>তথ্য মন্ত্রণালয়ের আওতাধীন ১৫টি দপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহের উল্লেখযোগ্য কার্যাবলি:</u>

<u>বাংলাদেশ টেলিভিশন:</u>

১। বাংলাদেশ টেলিভিশনে বিভিন্ন বিনোদন, বার্তা, ম্যাগাজিন, দেশি ও বিদেশি চলচ্চিত্র, জনসচেতনতা ও উন্নয়নমূলকসহ বিভিন্ন অনুষ্ঠান, স্পট ও শ্লোগান এবং বিজ্ঞাপন প্রচারিত হয়েছে। এছাড়া, শিক্ষা, কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠান, স্বাস্থ্য পুষ্টি ও পরিবার কল্যাণ বিষয়ক অনুষ্ঠান, ইতিহাস, ঐতিহ্য, প্রকৃতি-পরিবেশ ও পর্যটন বিষয়ক অনুষ্ঠান, জনসচেতনতা ও উন্নয়নমূলক স্পট ও শ্লোগান এবং ধর্মীয়, ক্রীড়া, মহিলা বিষয়ক, শিশু কিশোর বিষয়ক অনুষ্ঠান ইত্যাদি প্রচার করা হয়েছে।

২। দেশের আপামর জনসাধারণকে স্বাস্থ্য সচেতনতা, পরিবেশ সুরক্ষা, আত্মকর্মসংস্থান, দারিদ্র্য বিমোচন ও ডিজিটাল বাংলাদেশ গড়া, যৌতুক বিরোধী জাতীয় কার্যক্রম, অটিজম ও স্নায়ু বিকাশ জনিত সমস্যা সংক্রান্ত, এসিড অপরাধ নিয়ন্ত্রণ, মাদকদ্রব্য সেবন প্রতিরোধ, জঙ্গীবাদ প্রতিরোধ ও প্রতিকার, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ, যানজট মুক্ত নিরাপদ সড়ক, জলবায়ু পরিবর্তন, জ্বালানী সাশ্রয় ও সংরক্ষণমূলক ইত্যাদি বিষয়ে জনসচেতন করে তোলার লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান, স্পট/ফিলারসহ বিভিন্ন ডকুমেন্টরি প্রচার করা হয়েছে।

৩। বর্তমানে ঢাকা কেন্দ্রের সম্প্রচার প্রতিদিন সকাল ৭:০০ মিনিট থেকে রাত ১২:৩০ মিনিট পর্যন্ত বিরতিহীন ভাবে চলে। তবে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবসগুলোতে অধিবেশন সম্প্রচার সময়সূচির পরিবর্তন/পরিবর্ধন হয়ে থাকে। তাছাড়া, বিভিন্ন প্রকার খেলাধূলা সরাসরি সম্প্রচার এবং পবিত্র রমজান মাসে বিশেষ অধিবেশন সম্প্রচার করা হয়েছে।

৪। দেশের প্রাকৃতিক দুর্যোগ, বন্যা, খরা, নিম্নচাপ, ভূমিকম্প, সাইক্লোন, টর্নেডো ইত্যাদি দুর্যোগ মোকাবেলায় আগাম বার্তা প্রেরণ এবং দুর্যোগ পরবর্তী করণীয় কার্যক্রম এর বিষয়ে রাষ্ট্রের সম্ভাব্য ক্ষতি লাঘব করার উদ্দেশ্যে জনগণকে সচেতন করার জন্য বিটিভিতে বিভিন্ন স্পট/ফিলার এবং ডকুমেন্টরি প্রচার করা হয়েছে।

৫। সোশ্যাল মিডিয়ার জনপ্রিয়তা দিন দিন বৃদ্ধি পাওয়ায় বাংলাদেশ টেলিভিশন ইতোমধ্যে সোশ্যাল মিডিয়া উইং চালু করেছে। বর্তমানে প্রচারিত অনুষ্ঠানগুলো ছাড়াও বাংলাদেশ টেলিভিশনের আর্কাইভ থেকে জনপ্রিয় অনুষ্ঠানগুলো সোশ্যাল মিডিয়ায় প্রচার করা হচ্ছে।

৬। জাতির পিতার জন্ম বার্ষিকী, জাতীয় শোক দিবস, ভাষার মাস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং বিজয় দিবসের উপর ভিত্তি করে মাসব্যাপী প্রতিবেদন, বিশেষ দিবসের উপর প্রতিবেদন, মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ বিষয়ে বিশেষ প্রতিবেদন নির্মাণ ও প্রচার করা হচ্ছে।

৭। দেশের বিভিন্ন অঞ্চল থেকে সরেজমিনে তথ্য ও ভিডিওচিত্র ধারণ করে "সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ" শীর্ষক উন্নয়নমূলক প্রামাণ্য অনুষ্ঠান প্রচার করা হচ্ছে।

৮। বাংলাদেশ টেলিভিশন বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে সম্প্রচার কার্যক্রম পরিচালনা করছে।

<u>বাংলাদেশ বেতার:</u>

১। বাংলাদেশ বেতার ১৪টি আঞ্চলিক কেন্দ্র ও ৬টি বিশেষায়িত ইউনিটের মাধ্যমে মোট দৈনিক ৪৪৬.৫০ ঘন্টা অনুষ্ঠান প্রচার করে থাকে। উল্লেখযোগ্য অনুষ্ঠানের মধ্যে রয়েছে-মুক্তিযুদ্ধের ইতিহাস, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ, এসডিজি, উন্নয়ন, জঙ্গীবাদ প্রতিরোধ, ডিজিটাল বাংলাদেশ, তথ্য অধিকার, নারী ও শিশু উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, মানব পাচার প্রতিরোধ বিষয়ক অনুষ্ঠান ইত্যাদি।

২। ২০১৮-২০১৯ অর্থ বছরে মহামান্য রাষ্ট্রপতি অলংকৃত ১৭টি, মাননীয় প্রধানমন্ত্রী অলংকৃত ৭৯টি এবং মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী অলংকৃত ৫টি রাষ্ট্রীয় অনুষ্ঠান, মাননীয় প্রধানমন্ত্রীর ভিডিও কনফারেন্স ১৯টি, ভাষণ ১৯টি ও সংবাদ সম্মেলন ৪টি অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করেছে। এছাড়াও মহামান্য রাষ্ট্রপতি অলংকৃত জাতীয় সংসদ অধিবেশন ৯টি সরাসরি সম্প্রচার করেছে।

৩। মাননীয় স্পীকারের ০৮টি এবং মাননীয় মন্ত্রীবর্গের ৪১৫টি কার্যক্রম সংবাদ প্রবাহ প্রচারিত হয়েছে।

৪। জাতীয় পর্যায়ে ১৪টি ও আন্তর্জাতিক পর্যায়ে ১৩টি খেলা সরাসরি সম্প্রচার করা হয়েছে।

৫। প্রাকৃতিক দুর্যোগকালে বাংলাদেশ বেতার নিয়মিত সতর্কীকরণ ও করণীয় সম্পর্কে সংবাদ/অনুষ্ঠান প্রচার করেছে।

৬। বহির্বিশ্বে শ্রোতাদের জন্য বাংলা, ইংরেজি, হিন্দি, আরবি ও নেপালি ৫টি ভাষায় অনুষ্ঠান প্রচার করা হয়েছে।

৭। বাংলাদেশ বেতার ও এটুআই প্রোগ্রামের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায়, জানুয়ারি ২০১৯-জুন ২০১৯ মেয়াদে বাংলাদেশ বেতার কর্তৃক ৬৬০ মিনিট এয়ারটাইমে এটুআই প্রোগ্রাম সরবরাহকৃত অনুষ্ঠান প্রচার, ১৬টি ফোন-ইন অনুষ্ঠান, ১২টি ইনফোটেইনমেন্ট অনুষ্ঠান লাইভ প্রচার, ১টি থিমসং, ৬টি জিঙ্গেল নির্মাণ ও প্রচার এবং ১০টি সেলিব্রেটিকল এবং ৫টি রেডিও ডকুমেন্টরি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। সেপ্টেম্বর ২০১৮-ডিসেম্বর২০১৮ মেয়াদে, ১৭৭০ মিনিট এয়ারটাইমে এটুআই প্রোগ্রাম সরবরাহকৃত অনুষ্ঠান প্রচার, বাংলাদেশ কর্তৃক ডিজিটাল বাংলাদেশ বিষয়ক অনুষ্ঠান প্রযোজক কর্মকর্তাদের জন্য ১টি কর্মশালা আয়োজন, ১০টি জিঙ্গেল নির্মাণ ও প্রচার এবং ১০টি ইনফোটেইনমেন্ট অনুষ্ঠান লাইভ প্রচারের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

৮। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং বিষয়ে বাংলাদেশ বেতারের ১৪টি আঞ্চলিক কেন্দ্রে গান, স্পট, জিঙ্গেল, কথিকা, প্রামাণ্য নিয়ে সাপ্তাহিক ২০মিনিট স্থিতির অনুষ্ঠান প্রচার করা হচ্ছে।

৯। বাংলাদেশ বেতারের আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে ২৯টি ফোন-ইন অনুষ্ঠান, ৭২টি আসর ভিত্তিক বৈঠকী, ৪৮টি স্পট ড্রামা, ৪৮টি জিঙ্গেল, ১২টি প্রামাণ্য এবং ৪৮টি অংশীজন/সুবিধাভোগীদের সাক্ষাৎকার প্রচারিত হয়েছে। এছাড়াও বাংলাদেশ বেতারে নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন কেন্দ্র/ইউনিট থেকে ৬১৫টি ম্যাগাজিন অনুষ্ঠান এবং বিভিন্ন অনুষ্ঠানের ফাঁকে ফাঁকে গান, স্পট, জিঙ্গেল, শ্লোগান, কম্পোজিট অনুষ্ঠানে আলোচনা, মতামত, কুইজ ইত্যাদি প্রচার করেছে।

১০। জাতীয় শোক দিবস, মহান স্বাধীনতা দিবস, জাতীয় শিশু দিবস, মুজিব নগর দিবস, ৭ই মার্চের অনুষ্ঠান, এবং মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ইত্যাদি দিবসের আলোকে বিশেষ অনুষ্ঠানমালা প্রচার করা হয়েছে। স্বাধীনতার মাস মার্চ, ভাষার মাস ফেব্রুয়ারি এবং শোকের মাস আগস্ট উপলক্ষে মাসব্যাপি অনুষ্ঠান প্রচার করা হয়েছে। উল্লেখ্য, বাংলাদেশ বেতার বিশেষ দিবসে এবং মন্ত্রণালয় থেকে প্রাপ্ত সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড সম্পর্কিত অডিও সিডি বেসরকারি বাণিজ্যিক বেতার ও কমিউনিটি বেতারে সরবরাহ করেছে।

১১। জাতীয় নির্বাচন-২০১৮ উপলক্ষে বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের বিশেষ অনুষ্ঠান প্রচার করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী "মুজিব বর্ষ" উপলক্ষে বিস্তারিত অনুষ্ঠান প্রচারে পরিকল্পনা গৃহীত হয়েছে।

১২। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী বাংলাদেশ বেতারের নিজস্ব শিল্পীদের চাকুরি পেনশনের আওতাভুক্তকরণের লক্ষ্যে ২৯৫টি পদে কর্মরত নিজস্ব শিল্পীদের আত্তীকরণের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

<u>তথ্য অধিদফতর:</u>

১। ২০১৮-২০১৯ অর্থ বছরে ৫২৭১ টি তথ্যবিবরণী, ৫১৩১ টি অনুষ্ঠানের ফটোকাভারেজ, ৯২টি প্রেস ব্রিফিং, ২৫৫টি সংবাদ গতিধারা, ৮৮টি সাপ্তাহিক ম্যাগাজিনের সারসংক্ষেপ ও ৮০টি সংবাদের সংবাদ গতিধারার সারসংক্ষেপ, ২৫৫টি ইংরেজি নিউজব্রিফ, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং বিষয় এবং সরকারের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে ৩৮৫টি ফিচার/নিবন্ধ, ০৩টি স্পট ভিজিট ও ১০টি ক্রোড়পত্র বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত হয়েছে।

২। গত অর্থবছরে সাংবাদিকদের জন্য ৩৮২টি অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু ও ১,৭৪৭টি অ্যাক্রিডিটেশন কার্ড নবায়ন করা হয়েছে।

৩। বিভিন্ন জাতীয় ও আঞ্চলিক দৈনিক পত্রিকায় প্রকাশিত প্রায় ২২,৬৫৮টি ক্লিপিংসের প্যাকেট/বাঞ্চ মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগসহ মোট ৫৫টি অফিসে প্রেরণ করা হয়েছে।

গণযোগাযোগ অধিদপ্তর:

২০১৮-২০১৯ অর্থবছরে গণযোগাযোগ অধিদপ্তর, জেলা পর্যায়ে ৬৪ জেলা তথ্য অফিস ও পার্বত্য অঞ্চলে উপজেলা পর্যায়ে ০৪ উপজেলা তথ্য অফিসের মাধ্যমে নিম্নলিখিত প্রচার কার্যক্রম সম্পন্ন করে:

১। চলচ্চিত্র প্রদর্শন ১২,৭৮৬ টি, ভ্রাম্যমান সঙ্গীতানুষ্ঠান ৫,৬২৭ টি, সড়ক প্রচার ১৩,৪২৩ টি, পোস্টার/প্রচার পুস্তিকা বিতরণ ২২,৭০,৯০০ টি, উঠান বৈঠক/ক্ষুদ্র ও খন্ড সমাবেশ ১,২৩৫ টি, আলোচনা সভা/ মতবিনিময় সভা/সেমিনার/মহিলা সমাবেশ ২,৮৩৮ টি, শব্দযন্ত্র স্থাপন ১৩,৪৩০টি, প্রেসব্রিফিং/ভিডিও কনফারেন্স ৮০০ টি, অনলাইন প্রচার ১,৯৬৬ টি, শিশু মেলা ১৫০ টি, এলইডি ম্যাসেজ বোর্ড স্থাপন ০৯ টি, এলইডি স্ক্রিন স্থাপন ০১ টি, ডিসপ্লে বোর্ডের মাধ্যমে প্রচার ১৫০ টি।

২। ভিশন-২০২১, ভিশন-২০৪১, নির্বাচনী ইশতেহার-২০১৮, এসডিজি এর লক্ষ্য ও অর্জন বিষয়ে মহান মুক্তিযুদ্ধবিষয়ক চলচ্চিত্র, শিক্ষা, স্বাস্থ্য স্যানিটেশন, পরিবেশ, নারীর ক্ষমতায়ন, ডিজিটাল বাংলাদেশের অগ্রযাত্রা, শিশু ও নারী অধিকার, টিকা ও জন্ম নিবন্ধন, সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী, জনসংখ্যা, মা ও শিশু স্বাস্থ্য, এইচআইভি/এইডস প্রতিরোধ, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০ টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং বিষয়ে দেশব্যাপী চলচ্চিত্র প্রদর্শনী, দেশাত্ববোধক সংগীতানুষ্ঠান ও বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠান, সড়ক প্রচার, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, প্রেস ব্রিফিং ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর:

১। জাতীয় শোক দিবস ২০১৮ উপলক্ষে ৮ লক্ষ কপি (বাংলা) ও ২ হাজার কপি (ইংরেজি) পোস্টার মুদ্রণ করে গণযোগাযোগ অধিদপ্তর ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার অনুবিভাগের মাধ্যমে সারাদেশে ও বহির্বিশ্বে প্রচার করা হয়েছে।

২। জাতীয় শোক দিবস ২০১৮ উপলক্ষে সচিত্র বাংলাদেশ পত্রিকার বিশেষ সংখ্যা এবং নবারুণ পত্রিকার বিশেষ সংখ্যা প্রকাশিত হয়েছে।

৩। জাতীয় শোক দিবস ২০১৮ উপলক্ষে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর আলোচনা অনুষ্ঠান, প্রামাণ্যচিত্র ও স্থিরচিত্র প্রদর্শন করা হয়।

৪। জাতির পিতার জীবন ও কর্মের ওপর নির্মিত প্রামাণ্য চিত্র-চিরঞ্জীব বঙ্গবন্ধু, অসমাপ্ত মহাকাব্য, সোনালী দিনগুলো, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম এবং বাংলাদেশ মিলিটারি একাডেমির প্রথম সমাপনী অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধুর ভাষণ গণযোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে প্রচারিত হয়েছে। বিদেশি দূতাবাসগুলোতে সিডি প্রেরণ করা হয়েছে।

৫। ঐতিহাসিক ৭ই মার্চ ২০১৯ ভাষণ উপলক্ষে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। এতে বঙ্গবন্ধুর ৭ই মার্চের প্রামাণ্য চলচ্চিত্র "এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম" ও স্থিরচিত্র প্রদর্শন করা হয়।

৬। ১৭ ই মার্চ ২০১৯ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস ও জাতীয় শিশু দিবস উপলক্ষে টুঙ্গিপাড়া বইমেলা এবং বিভিন্ন জেলা শহর কুমিল্লা, টাংগাইল, রংপুর ও দিনাজপুর বইমেলায় চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর অংশগ্রহণ করে।

৭। উন্নয়ন মেলা-২০১৮ উপলক্ষে ৩ লক্ষ পোস্টার, ১৬ ডিসেম্বর-২০১৮ উপলক্ষে ৪ লক্ষ ৫ হাজার পোস্টার, মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং বিষয়ে দেয়াল ও ডেস্ক ক্যালেন্ডার-২০১৯ উপলক্ষে ৫৫০০ কপি, ২৬ শে মার্চ-২০১৯ জাতীয় দিবস উপলক্ষে ১ হাজার পোস্টার, ১৭ মার্চ জাতীয় শিশু দিবস উপলক্ষে ১ হাজার পোস্টার, ৭ই মার্চ উপলক্ষে ১ হাজার পোস্টার, মহামান্য রাষ্ট্রপতির ছবি ৩ হাজার, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি ৫ হাজার এবং জাতীয় শুদ্ধাচার পুরস্কার পোস্টার-২০১৯ উপলক্ষে ৯ হাজার পোস্টার মুদ্রণ করা হয়েছে।

৮। মাসিক নবারুণ ১ লক্ষ ২০ হাজার, মাসিক সচিত্র বাংলাদেশ ১ লক্ষ ২০ হাজার ও বাংলাদেশ কোয়ার্টারলি ১২ হাজার কপি মুদ্রণ করা হয়েছে।

৯। বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের ৬ হাজার পোস্টার মুদ্রণ করা হয়েছে। ৪ হাজার পুস্তক মুদ্রণ করা হয়েছে।

১০। ১৪টি প্রামাণ্যচিত্র, ৯টি ডকুড্রামা এবং ১১টি টিভি ফিলার নির্মাণ করা হয়েছে।

১১। ৭১টি পত্র-পত্রিকার ছাড়পত্র প্রদান করা হয়েছে ও ৬৫টি পত্র-পত্রিকার প্রত্যয়নপত্র প্রদান করা হয়েছে।

১২। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, জাতীয় শিশু দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, জাতীয় শোক দিবস এবং বিজয় দিবসে সর্বমোট ২,০৫৯ টি ক্রোড়পত্র প্রকাশ করা হয়েছে।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট:

১। ২০১৮-১৯ অর্থবছরে ২৫টি প্রশিক্ষণ ও ৭৬টি সেমিনার/ওয়ার্কশপের আয়োজন করা হয়েছে।

২। ৩ (তিন)টি গবেষণা প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। এছাড়াও, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক নিউজ লেটার (২য় বর্ষ ৩য় সংখ্যা) এবং জার্নাল ৩য় সংখ্যা প্রকাশ করা হয়েছে।

বাংলাদেশ প্রেস কাউন্সিল:

১। ১৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে "বাংলাদেশ প্রেস কাউন্সিল দিবস" উদ্‌যাপন করা হয়।

২। ১৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে মহামান্য রাষ্ট্রপতি ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টাল "বাংলাদেশ প্রেস কাউন্সিল পদক ২০১৯" প্রদান করেন।

৩। ১৬ নভেম্বর ২০১৮ তারিখে ভারতের "ন্যাশনাল প্রেস ডে, ২০১৮" উদ্‌যাপন অনুষ্ঠানে বাংলাদেশ প্রেস কাউন্সিল ও প্রেস কাউন্সিল অব ইন্ডিয়ার মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

৩। গত ২০১৮-১৯ অর্থ বছরে ৫টি পূর্ণ কাউন্সিল অধিবেশন অনুষ্ঠিত হয়। জুডিশিয়াল কমিটির ৮টি সভা অনুষ্ঠিত হয়। এতে ৬ টি জুডিশিয়াল মামলা নিষ্পত্তি করা হয়। পাশাপাশি প্রেস অ্যাপিলেট বোর্ডের ৪টি সভায় ২টি আপিল মামলা নিষ্পত্তি করা হয়।

৪। ফরিদপুরের আলফাডাঙ্গা, শরীয়তপুর, ময়মনসিংহ, নেত্রকোণা, খুলনা, সাতক্ষীরা, চট্টগ্রাম, ও ঢাকা জেলায় সাংবাদিকদের অংশগ্রহণে ১০টি প্রশিক্ষণ কর্মশালা ও ০৯টি মতবিনিময় সভার আয়োজন করা হয়। প্রশিক্ষণ কর্মশালায় ৪২০ জন ও মতবিনিময় সভায় ৩৬০ জন সাংবাদিক অংশগ্রহণ করেন।

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড:

১। ২০১৮-১৯ অর্থ বছরে ৬০টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ৫টি স্বল্পদৈর্ঘ্য বাংলা, ৬৩টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি, ৬টি প্রামাণ্য চলচ্চিত্র, ৫৪টি বাংলা চলচ্চিত্রের ট্রেইলার এবং ১টি বিজ্ঞাপনচিত্র সেন্সর করা হয়েছে। এছাড়া SAPTA চুক্তির আওতায় আমদানিকৃত ১১টি পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্র সেন্সর করা হয়েছে।

২। এছাড়াও, এ সময়ে বিভিন্ন চলচ্চিত্র উৎসবের জন্য মোট ২২২টি চলচ্চিত্র পরীক্ষণপূর্বক বিশেষ সেন্সর সনদপত্র জারি করা হয়েছে।

৩। ৩৫৫টি পোস্টার/স্থিরচিত্রের অনুমোদন দেওয়া হয়েছে।

৪। ২০১৮-২০১৯ অর্থবছরে মোট ২৫৫টি সিনেমা হল পরিদর্শন করা হয়েছে।

৫। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৭ ও ২০১৮ প্রদান উপলক্ষে গঠিত জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করেছে। এ সময় বোর্ডে পুরস্কারের জন্য জমাকৃত ৭৪টি চলচ্চিত্র পরীক্ষণের কাজ শেষ হয়েছে। চূড়ান্ত সুপারিশ তৈরির কাজ চলমান রয়েছে।

৬। ২০১৮-১৯ অর্থবছরে চলচ্চিত্র সেন্সর ও স্ক্রীনিং ফি বাবদ ৪৬,২৩,০০০/- (ছেচল্লিশ লক্ষ তেইশ হাজার) টাকা রাজস্ব আয় হয়েছে।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ:

প্রতিবেদনাধীন বছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ নিম্নবর্ণিত কার্যক্রম সম্পাদন করেছে:

১। ১২টি গবেষণা কর্ম সম্পাদন করা হয়েছে;
২। ০২টি জার্নাল ও ০৫টি বই প্রকাশ করা হয়েছে;
৩। ১৩টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে;
৪। ৯০টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, ৩৫০টি ডিজিটাল ফরমেটের চলচ্চিত্র, ৩৪০টি তথ্যচিত্র/সংবাদচিত্র/প্রামাণ্যচিত্র, ৫টি নেগেটিভ, ২৭৩টি বই, ৩৭টি পোস্টার, ১২০টি চিত্রনাট্য, ১২০টি ম্যাগাজিন, ৯৯৯টি পেপার কাটিং এবং ২৩টি অন্যান্য সামগ্রী সংগ্রহ করা হয়েছে;
৫। ৬০ সংরক্ষিত চলচ্চিত্র/তথ্যচিত্র/সংবাদচিত্র/প্রামাণ্যচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর করা হয়েছে;
৬। সাপ্তাহিক এবং বিভিন্ন দিবস ও উৎসবে চলচ্চিত্র প্রদর্শনীর অংশ হিসেবে মোট ১০১টি চলচ্চিত্র প্রদর্শিত হয়েছে;
৭। ৬৫০ টি চলচ্চিত্র/তথ্যচিত্র/সংবাদচিত্র/প্রামাণ্যচিত্র চেকিং ও ক্লিনিং করা হয়েছে।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি):

১। ৬টি গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। সেগুলো হচ্ছে :- (১) সংবাদপত্রে বঙ্গবন্ধু: আগরতলা ষড়যন্ত্র মামলা: প্রথম খন্ড; (২) ৭৫ পরবর্তী সময়ে ১৫ই আগস্ট নাজাত দিবস পালন শীর্ষক গ্রন্থ; (৩)বঙ্গবন্ধু যেদিন সংবাদপত্রে নামফলকের চেয়ে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিলেন শীর্ষক গবেষণাগ্রন্থ; (৪)রাজনীতিতে দৈনিক ইত্তেফাকের ভূমিকা: ১৯৫৩-১৯৭০; এবং (৫) বৃহত্তর কুমিল্লায় (কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর) বঙ্গবন্ধু শীর্ষক গবেষণাগ্রন্থ। ২টি ঘটনাপুঞ্জি প্রকাশের কাজ চলছে। নিউজ ক্লিপিং ১০,০৫০টি।
২। শিশু ও নারী বিষয়ক ফিচার প্রকাশ করা হয়েছে ৪৬ টি। ৪টি নিরীক্ষা প্রকাশিত হয়েছে এবং ২২৩ তম সংখ্যা চুড়ান্ত পর্যায়ে রয়েছে। এছাড়াও ৫টি গ্রন্থ প্রকাশিত হয়েছে এবং ৫টি গ্রন্থ পুনঃমুদ্রণ করা হয়েছে। ২টি বুক লেট প্রকাশিত হয়েছে।
৩। ২০১৮-১৯ অর্থ বছরে ৮২টি প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করেছে। এতে ২৯৫৬ জন অংশগ্রহণ করেন।

বাংলাদেশ সংবাদ সংস্থা:

১। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগের ব্র্যান্ডিং বিষয়ে ২০১৮-১৯ অর্থ বছরে ঢাকা থেকে প্রকাশিত সংবাদপত্রে ২০টি এবং বিভাগীয় শহর থেকে ৭০টি প্রতিবেদনসহ মোট ৯০টি বিশেষ প্রতিবেদন প্রকাশিত হয়েছে এবং এসব প্রতিবেদন নিয়ে একটি বই প্রকাশের কার্যক্রম চলমান রয়েছে।
২। প্রতিবেদনাধীন বছরে বাসস থেকে ১,১০,৯৪৪টি প্রতিবেদন বিভিন্ন সকল জেলা সংবাদাতাদের মাধ্যমে, সামাজিক যোগাযেগ মাধ্যমে (প্রিন্ট ও ইলেকট্রনিক) গণমাধ্যমের নিকট সরবরাহ করা হয়েছে।

তথ্য কমিশন:

১। তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় বিভিন্ন তথ্য প্রদান ইউনিটে ১০,১৮৯ জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে।
২। সর্বমোট ৬,২৪৯ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
৩। সর্বমোট ৪২,১৭৯ জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
৪। ১২০টি উপজেলায় তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ে জনঅবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে।
৫। গত ২০১৮-১৯ অর্থ বছরে ৬১৬টি অভিযোগ গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে ৫৭২টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।
৬। ০১টি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।
৭। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদযাপন করা হয়েছে।
৮। ০৮টি ভিডিও কনফারেন্স আয়োজন করা হয়েছে।

বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট:

১। গত ২০১৮-১৯ অর্থ বছরে মোট ৩৩৯ জন অসুস্থ, অস্বচ্ছল ও দুর্ঘটনাজনিত আহত সাংবাদিক এবং নিহত সাংবাদিক পরিবারকে সর্বমোট ২ কোটি ৯০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে।

২। ৮ অক্টোবর ২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাংবাদিক কল্যাণ ট্রাস্ট ফান্ডে সিড মানি হিসেবে ২০ (বিশ) কোটি টাকা প্রদান করেছেন। এ নিয়ে বর্তমানে সর্বমোট ৩৫ কোটি ৪০ লক্ষ টাকা সিড মানি রয়েছে।

চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন:

১। ৩ এপ্রিল ২০১৮ তারিখে জাতীয় চলচ্চিত্র দিবস উদ্‌যাপন করা হয়েছে।

২। কর্পোরেশনের দায়েরকৃত মামলার রায়ের প্রেক্ষিতে "মহিলা হোস্টেল" ছবির প্রযোজক আদালতে বিএফডিসি'র পাওনা বাবদ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা জমা প্রদান করেন।

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই):

১। ২০১৮-১৯ অর্থ বছরে দীর্ঘ মেয়াদী কোর্সে ৩৬ জন এবং স্বল্পমেয়াদী কোর্সে ৫৭ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেছে।

২। বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট মোট ৮৫ টি ডিপ্লোমা প্রোডাকশন নির্মাণ করেছে।

৩। ৮টি সেমিনার/ওয়ার্কশপ, ইউনেস্কো স্বীকৃতিপ্রাপ্ত ১টি জার্নাল ও ১টি চলচ্চিত্র বিষয়ক গ্রন্থ এবং ১টি গবেষণা কর্মসম্পাদনা করেছে।

৪। ৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখ কলকাতার সত্যজিৎ রায় চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (এসআরএফটিআই) এবং বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই) এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

৫। চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়িত পাঠদান কার্যক্রম "বাংলাদেশ ও উন্নয়ন উদ্যোগ" শীর্ষক মডিউলে মাননীয় প্রধানমন্ত্রী "শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ" অন্তর্ভুক্ত রয়েছে।

৯.৩। ২০১৮-২০১৯ অর্থ বছরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোনো সমস্যা/সংকটের আশঙ্কা করা হলে তার বিবরণ(সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সংকট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণ; পদ সৃজন, শূন্যপদ পূরণ ইত্যাদি): প্রযোজ্য নয়।

(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত :

১০.১ ২০১৮-২০১৯ অর্থ বছরের কর্মকান্ডের মাধ্যমে মন্ত্রণালয়ের আরাধ্য উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?

হ্যাঁ। বাজেট বাস্তবায়ন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন, টেকসই, উন্নয়ন অভীষ্ট (SDG) লক্ষ্যমাত্রা ও সূচকসমূহ বাস্তবায়ন করা হচ্ছে। ইনোভেশন কার্যক্রম, জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়ন, অভিযোগ নিষ্পত্তি (GRS) বাস্তবায়ন করা হচ্ছে। প্রধান প্রধান প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। এর পাশাপাশি তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (ICT) ব্যবহারও ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে।

১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ: প্রযোজ্য নয়।

১০.৩ মন্ত্রণালয়ের আরাদ্ধ উদ্দেশ্যাবলি আরো দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ:

ক) বাজেট বরাদ্দ বৃদ্ধি;

খ) বাজেট ব্যবহারের ক্ষেত্রে মন্ত্রণালয়কে আরও স্বাধীনতা প্রদান;

গ) কর্মকর্তা ও কর্মচারীদের দেশে ও বিদেশে প্রশিক্ষণ গ্রহণ। বিশেষত ব্যবস্থাপনা পলিসি প্রণয়ন ও বাস্তবায়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা বৃদ্ধি;

ঘ) মন্ত্রণালয় এবং অধিদপ্তর/সংস্থার বিভিন্ন পর্যায়ে নতুন পদ সৃজন।

(১১) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে): প্রযোজ্য নয়।

(১২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(১৩) ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্য (আইন ও বিচার বিভাগের জন্য): প্রযোজ্য নয়

(১৪) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়

(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত):

| প্রতিবেদনাধীন বছরের মোট প্রকল্পের সংখ্যা ও নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে সংশোধিত এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৭ টি | ২৫০.৩৯ | ২০৭.৭৯ (৮২.৯৯%) | ১০ টি |

১৫.২ প্রকল্পের অবস্থা (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত):

| মন্ত্রণালয়/ বিভাগ | প্রতিবেদনাধীন অর্থ বছরে মন্ত্রণালয়/ বিভাগের এডিপি রিভিউ সভার সংখ্যা | প্রতিবেদনাধীন অর্থবছরে শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা ও তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে সমাপ্ত প্রকল্পের সংখ্যা ও তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে আনুষ্ঠানিকভাবে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের সংখ্যা ও তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে সমাপ্ত/ চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে আনুষ্ঠানিকভাবে উদ্বোধনকৃত গুরুত্বপূর্ণ অবকাঠামো তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|---|---|---|---|
| তথ্য মন্ত্রণালয় | ১২টি | ০৬টি | সংখ্যা-৩টি<br>তালিকা:<br>১। বাংলাদেশ বেতারের ময়নসিংহ ও গোপালগঞ্জ এ দুটি স্বয়ংসম্পূর্ণ ১০ কিলোয়াট এফ.এম বেতার কেন্দ্র স্থাপন (সংশোধিত)।<br>২। বাংলাদেশের মানব সম্পদ উন্নয়নে টেলিভিশন অনুষ্ঠান নির্মাণে মিডিয়ার সক্ষমতা বৃদ্ধি।<br>৩। চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ডিজিটাল চলচ্চিত্র নির্মাণের যন্ত্রপাতি স্থাপন। | সংখ্যা-৩টি<br>তালিকা:<br>১। বাংলাদেশ বেতারের ময়নসিংহ ও গোপালগঞ্জ এ দুটি স্বয়ংসম্পূর্ণ ১০ কিলোয়াট এফ.এম বেতার কেন্দ্র স্থাপন (সংশোধিত)।<br>২। তথ্য ভবন নির্মাণ (সংশোধিত)।<br>৩। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন নির্মাণ। | নাই | নাই |

১৫.৩ জিডিপি প্রবৃদ্ধির হার (২০১৮-১৯) (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়

১৫.৪ মাথাপিছু আয় (মার্কিন ডলারে) (২০১৮-১৯) (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়

১৫.৫ দরিদ্র জনগোষ্ঠী সংক্রান্ত তথ্য (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়

১৫.৬ কর্মসংস্থান সংক্রান্ত তথ্য (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয় ।

(১৬) ঋণ ও অনুদান সংক্রান্ত তথ্য (অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।

(১৭) অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ, সংশ্লিষ্ট অর্থ-বছরে (২০১৮-১৯) বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, সংশ্লিষ্ট অর্থ-বছরে (২০১৮-১৯) লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি): প্রযোজ্য নয়।

(১৮) পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট তথ্য: প্রযোজ্য নয়।

(১৯) শিক্ষা সংক্রান্ত তথ্য: প্রযোজ্য নয়।

(২০) স্বাস্থ্য সংক্রান্ত তথ্য (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(২১) জনশক্তি রপ্তানি সংক্রান্ত (প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জন্য) : প্রযোজ্য নয়।

(২২) হজ্জ সংক্রান্ত (ধর্ম মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(২৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করবে) : প্রযোজ্য নয়।

(২৪) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

৩১/৭/১৯

আবদুল মালেক
সচিব